

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

D:\Dafal 2017-18\Maintenance G O 2017-18 Maintenance separate\১০-১৪ 2017 Meeting 1.১

স্মারক নং-৪৬.০৪৫.২০.০০৯.১০.০১০.২০১৭(অংশ-১)-১২৬

তারিখ : ১০/০১/২০১৮

প্রেরক : মোহাম্মদ জহিরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
স্থানীয় সরকার বিভাগ

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
মৌচাক টাওয়ার (১১ তলা) ৮৩/বি, নিউ সার্কুলার রোড, ঢাকা।

বিষয় : ২০১৭-১৮ অর্থ বৎসরে উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনাদি নির্মাণ/পুনর্নির্মাণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে ১.২০ কোটি (এক কোটি বিশ লক্ষ) টাকা মঞ্জুর প্রদান।

মহোদয়,

অর্থ বিভাগের ৩০-০৮-২০০০ তারিখের অমঃঅবিঃ/উঃ-১/বিবিধ-৪৬/৯৭-৪৬৯ নং স্মারকে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতা বলে ২০১৭-২০১৮ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (৫০১০ কোডে) উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের ৫০০.০০ (পাঁচশত) কোটি টাকার উপজেলা কমপ্লেক্স ভবনাদি নির্মাণ/পুনর্নির্মাণ মেরামত ও রক্ষণাবেক্ষণ উপখাতে রক্ষিত ৬০.০০ (ষাট কোটি) টাকা হতে নিম্নবর্ণিত উপজেলা পরিষদ সমূহের অনুকূলে নতুন বাসভবন নির্মাণের জন্য ১.২০ কোটি (এক কোটি বিশ লক্ষ) টাকা নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

ক্রমিক নং	জেলার নাম	উপজেলার নাম	প্রকল্পের নাম	২০১৭-১৮ অর্থ বছরে বরাদ্দ (লক্ষ টাকায়)
১.	নীলফামারী	সদর	উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন	৪০.০০
২.	ব্রাহ্মণবাড়িয়া	বাঞ্ছারামপুর	উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন	৪০.০০
৩.	কুমিল্লা	মুরাদনগর	উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন	৪০.০০

২. এই ব্যয় ২০১৭-২০১৮ অর্থ বছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং ৩৩, ৩৭ স্থানীয় সরকার বিভাগ, ৫ উন্নয়ন, ৩৭০১ সচিবালয়, ৫০১০-৭৯৮১ কোডে উপজেলা সমূহের জন্য উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ হতে মিটানো হবে।

৩. প্রচলিত সরকারি বিধান ও এ বিভাগ কর্তৃক ১১-১১-২০১৪ খ্রিঃ তারিখে ৪৬.০৪৫.০১৮.০০.০০.০৫৪.২০১৩-১০৬৮ নং স্মারকে জারিকৃত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসরণে উপজেলা কমপ্লেক্স ভবনাদি নির্মাণ/পুনর্নির্মাণ/মেরামত ও পিপিআর, সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক রক্ষণাবেক্ষণের অনুমোদিত প্রকল্প/স্কীমবাস্তবায়নে মঞ্জুরীকৃত এই বরাদ্দের অর্থ ব্যয় করা হবে।

৪. উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার যৌথভাবে মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

৫. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবেন।

৬. এই বরাদ্দের অধীন অনুমোদিত স্কীম এবং প্রচলিত আর্থিক রীতিনীতি অনুযায়ী ব্যয় নির্বাহ করে সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট বিল দাখিলপূর্বক সরকারি তহবিল থেকে প্রয়োজনীয় অর্থ আহরণ করতে হবে।


৭. বরাদ্দকৃত অর্থ আগামী ৩০-০৬-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে সকল কাজ সমাপ্ত করে বাস্তবায়ন/সমাপ্ত প্রকল্পের (Project Completion Report) সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এর যৌথ স্বাক্ষরে এ বিভাগে প্রেরণ করতে হবে।

৮. সচিব, স্থানীয় সরকার বিভাগ উক্ত অর্থ ব্যয়ের নির্বাহী কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন।

৯. এই ব্যয় মঞ্জুরিতে অর্থ বিভাগের ০৮/০১/২০১৮ খ্রিঃ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০১.২০১১-০৮ স্মারকে সম্মতি রয়েছে।

১০. এলজিইডি, আগারগাঁও কর্তৃক প্রণীত স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত প্রাক্কলন ও ডিজাইন অনুযায়ী পূর্ণাঙ্গ ভবনের দরপত্র আহবান করতে হবে। একাধিক অর্থ বছরে বাস্তবায়নের লক্ষ্যে ১ম পর্যায়ের উল্লিখিত উপজেলাসমূহের জন্য ৪০.০০ লক্ষ টাকা করে বরাদ্দ প্রদান করা হলো। চুক্তি মূল্যের অবশিষ্ট অর্থ ক্রমান্বয়ে/পর্যায়ক্রমে বরাদ্দ প্রদান করা হবে।

১১. নতুন ভবন নির্মাণের ক্ষেত্রে Soil Test করে ফাউন্ডেশন এলজিইডি ডিজাইন ইউনিট হতে যাচাইপূর্বক নির্ধারিত প্রাক্কলিত মূল্য বৃদ্ধি পেলে স্থানীয় সরকার বিভাগ হতে পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।



মোহাম্মদ জহিরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৭২৩০
তারিখ : ১০/০১/২০১৮

স্মারক নং-৪৬.০৪৫.২০.০০৯.১০.০১০.২০১৭(অংশ-১)-১২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ (দৃঃ অঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১)।

২. কমিশনার, -----বিভাগ।

৩. জেলা প্রশাসক, -----জেলা।

৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলাঃ----- জেলা-----।

৫. ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, উপজেলাঃ----- জেলা-----।

৬. উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর/বাঞ্ছারামপুর/মুরাদনগর।


৭. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,-----, তাঁকে অনুমোদিত স্কীম বাস্তবায়নে উপজেলা প্রকৌশলীর মাধ্যমে যথাযথ কারিগরী মান বজায় রাখার বিষয়ে নিশ্চিত করতে হবে।

৮. জেলা/উপজেলা হিসাব রক্ষণ অফিসার, উপজেলাঃ----- জেলা-----।

৯. উপজেলা প্রকৌশলী, উপজেলাঃ----- জেলা-----।

১০. সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১), স্থানীয় সরকার বিভাগ।

১১. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (জি, ও কপিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।



মোহাম্মদ জহিরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব